

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০৫.২০-১০৯

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ ব.  
২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১১৪৮৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।  
সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১৪৮৭/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১৪৮৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১১৪৮৭/২০১৯	জনাব নারগিস বেগম, স্বামী: মোশারফ হোসাইন, গ্রাম:- ভামদা, উপজেলা:- পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও।	সচিব শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, এনটিআরসিএ), ডি.জি, ডিএমই, সহ মোট ৮ (আট) জন।	রংপুর জেলাধীন পীরগঞ্জ উপজেলার ভামদা সিনিয়র আলীম মাদ্রাসার ইবতেদায়ী প্রধান শিক্ষক নারগিস বেগমকে উক্ত প্রতিষ্ঠানের এমপিও তালিকাভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবী করে পিটিশনার জনাব নারগিস বেগম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪৮৭/২০১৯ দায়ের করা হয়

০২। উক্ত রিট মামলাটি গত ২৮/১০/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি শেষে পিটিশনারকে উক্ত প্রতিষ্ঠানের এমপিও তালিকা ভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না, সেমর্মে ১১/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার বিষয়ে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক। -

০৩। সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ১০.০৩.২০ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৪৮৭/২০১৯ মামলার বিষয়ে ২৮/১০/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১২/০৩/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।